যুগান্তর

তারিখ 23 SEP 2016
পৃষ্ঠা ৩৯ কলাম ৫

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়

# নিখোঁজ ১৭০ শিক্ষার্থীর ভর্তি বাতিলের প্রক্রিয়া শুরু

**চট্টগ্রাম ব্যুরো**

চট্টগ্রামের আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়ের (আইআইইউসি) নিখোঁজ ১৭০ শিক্ষার্থীর ভর্তি বাতিলের প্রক্রিয়া শুরু করা হয়েছে। এসব শিক্ষার্থীকে বারবার তাগাদা দেয়ার পরও তারা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে কোনো যোগাযোগ করছে না। দীর্ঘদিন অপেক্ষার পরও তাদের হদিস না পাওয়ায় ভর্তি বাতিলের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

আইআইইউসি সূত্র জানায়, বিশ্ববিদ্যালয়ের নিয়মানুসারে এমনিতেই দুই সেমিস্টার ক্লাসে অনুপস্থিত থাকলে শিক্ষার্থীদের ভর্তি বাতিল হয়ে যায়। বাতিল না হওয়ার জন্য শিক্ষার্থীদের সেলফোনে যোগাযোগ করা হয়। একই সঙ্গে নোটিশ বোর্ডে নিজ নিজ বিভাগে যোগাযোগ করার জন্য নির্দেশনা দেয়া হয়। অনুপস্থিত ১৭৬ শিক্ষার্থীর একটি তালিকা সীতাকুণ্ড থানায় দেয়া হয়েছে। থানায় তালিকা দেয়ার পর ছয়জন শিক্ষার্থী ফিরে এসেছে। বিশ্ববিদ্যালয়টির একজন কর্মকর্তা জানান, ফিরে আসা শিক্ষার্থীরা ক্লাসে অনুপস্থিতির কারণ হিসেবে বিভিন্ন সমস্যার কথা জানিয়েছে। পাশাপাশি যোগাযোগ করেও না পাওয়ার বিষয়ে তারা বায়োমেট্রিক পদ্ধতিতে সিম রেজিস্ট্রেশন না করায় মুঠোফোন বন্ধ থাকার কথাও জানান তিনি। ৬ জন শিক্ষার্থী পুনঃভর্তি হয়েছে এবং নিয়মিত ক্লাস করছে। তবে বাকি ১৭০ শিক্ষার্থী কোথায় আছে তার কোনো সুনির্দিষ্ট তথ্য পাওয়া যাচ্ছে না।

এদিকে বিশ্ববিদ্যালয়টির প্রশাসনিক কর্মকর্তা এরশাদুল আলম বলেন, আইআইইউসিতে ভর্তি হওয়ার পর অনেকে পাবলিক বিশ্ববিদ্যালয়ে সুযোগ পেয়ে থাকেন। এতে অনেক শিক্ষার্থী কর্তৃপক্ষকে না জানিয়ে পাবলিক বিশ্ববিদ্যালয়ে পড়ালেখা চালিয়ে যান। একইভাবে অনেক শিক্ষার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ভুক্ত বিভিন্ন সরকারি কলেজে ভর্তির সুযোগ পান। তারাও বিশ্ববিদ্যালয়কে না জানিয়ে সেখানে ভর্তি হয়ে পড়ালেখা করেন। একইভাবে এ বেসরকারি বিশ্ববিদ্যালয়টি সম্প্রতি নগরীর সব ক্যাম্পাস বন্ধ করে দিয়ে সীতাকুণ্ডের কুমিরায় স্থায়ী ক্যাম্পাসে স্থানান্তর করা হয়েছে। ফলে নগরী থেকে দূরে হওয়ায় কিছু শিক্ষার্থী নগরীর বিভিন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছে। তারাও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে কিছু জানায়নি। ফলে নিখোঁজের সংখ্যা বেড়েছে। দীর্ঘদিন নিখোঁজ থাকা শিক্ষার্থীদের ভর্তি বাতিল করার প্রক্রিয়া শুরু হয়েছে বলেও জানান তিনি।

ঢাকার গুলশানে ও কিশোরগঞ্জের শোলাকিয়ায় ঈদের জামাতে জঙ্গি হামলার ঘটনায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সংশ্লিষ্টতার প্রমাণ পাওয়ার পর দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানের অনুপস্থিত শিক্ষার্থীদের তালিকা দিতে চিঠি দেয় পুলিশ। পাশাপাশি শিক্ষাপ্রতিষ্ঠানে কোনো শিক্ষার্থী ১০ দিন বা তার বেশি অনুপস্থিত থাকলে সে শিক্ষার্থীর নাম, পরিচয় মন্ত্রণালয়কে জানানোর নির্দেশ দেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। মূলত এর পরিপ্রেক্ষিতেই আইআইইউসিতে অনুপস্থিত শিক্ষার্থীদের তালিকা তৈরি করা হয়। যে তালিকায় ১৭৬ জনের নাম ওঠে।

সীতাকুণ্ড থানার ওসি ইফতেখার হাসান বলেন, সরকারের নির্দেশনা অনুযায়ী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছ থেকে অনুপস্থিত শিক্ষার্থীদের তালিকা নিয়েছিলাম। নিখোঁজ ১৭৬ শিক্ষার্থীর মধ্যে ৬ জন ফিরে এসেছে। কিছু কিছু শিক্ষার্থী বিভিন্ন সেমিস্টারে উত্তীর্ণ হতে না পেরে বের হয়ে গেছে। কোনো শিক্ষার্থী উগ্রবাদে জড়িয়ে পড়েছে কিনা সে বিষয়টি তারা গভীরভাবে অনুসন্ধান করে দেখছে।